

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

বোর্ড সচিবালয়

পানি ভবন (গেডেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫

টেলিফোন: +৮৮০২২২২৩০০৫৩

ই-মেইল: secretary@bwdb.gov.bd

Board Secretariat

Panibhaban (Level-7), 72 Green Road,
Dhaka-1205.

টেলিফোন: +৮৮০২২২২২৩০০৫৩

Email: secretary@bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৮.৯৯.০৩৫.১৯- ১১৭২

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

সার্কুলার


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভারতের সেন্ট্রাল ওয়াটার কমিশন (CWC) এর তথ্য অনুযায়ী, ভারতের উত্তর সিকিম এ তিঙ্গা নদীর চুখ্যাং ড্যাম ক্ষতিগ্রস্থ হওয়ায় উজানে তিঙ্গা নদীর পানি সমতল দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ফলে, তিঙ্গা নদীর পানি আজ সকাল থেকে বৃদ্ধি পেয়ে বিকাল নাগাদ বিপদ্দসীমা অতিক্রম করতে পারে। এতে লালমনিরহাট, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা জেলার তিঙ্গা নদীর তীরবর্তী এলাকাসমূহ প্লাবিত হয়ে বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে।

২। বন্যায় বাপাউবো'র বাঁধ ডেঙে জানমাল, ফসল, সেচ খালের ডাইকচার এবং অন্যান্য অবকাঠামোসহ জন-গুরুত্বপূর্ণ স্থাপনার ক্ষতি হতে পারে কিংবা দুর্যোগ পরবর্তী সময়ে জরুরী সার্ভিস পুনঃপ্রতিষ্ঠার প্রয়োজন হতে পারে। বন্যাজনিত একাগ্র পরিস্থিতি মোকাবেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের লালমনিরহাট, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধাসহ তিঙ্গা নদীর তীরবর্তী সংশ্লিষ্ট এলাকাসমূহে কর্মরত বাপাউবো'র সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের সার্বক্ষণিক সতর্কতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে পরিস্থিতি মোকাবেলা করতে হবে। তাই, বন্যাজনিত কারণে সম্ভাব্য বিপর্যয় হতে রক্ষায় তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয়/জরুরী ব্যবস্থা গ্রহণের স্থার্থে বাপাউবো'র সকল কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব কর্মসূলে অবস্থান করা অপরিহার্য।

৩। এমতাবস্থায়, লালমনিরহাট, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা জেলাসহ বোর্ডের সংশ্লিষ্ট সকল এলাকায় কর্মরত বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের বন্যাজনিত সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের স্থার্থে ছুটি বাতিলসহ সদর দপ্তর/কর্মসূল ত্যাগ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। অনিবার্য কারণ বশতঃ শাখা কর্মকর্তা থেকে প্রধান প্রকৌশলী পর্যন্ত সকল কর্মকর্তা Chain of command রক্ষা করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে কর্মসূল ত্যাগ করবেন। অন্যথায়, দায়ী কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


(ওবায়দুল ইসলাম)

পরিচালক (বোর্ড)

পরিচিতি নম্বর: ৬৭০২০১০০৩

secretary@bwdb.gov.bd

অনুলিপি (জ্ঞাতার্থে/ কার্যার্থে):

- প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ প্রকল্প পরিচালক(সকল) -----বাপাউবো----- |
- নির্যন্ত্রক, অর্থ ও হিসাব/ প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা।
- তত্ত্ববধায়ক প্রকৌশলী/ প্রকল্প পরিচালক/সমমান কর্মকর্তা(সকল) -----বাপাউবো----- |
- পরিচালক, জনসংযোগ পরিদণ্ডন, বাপাউবো, ঢাকা।
- পরিচালক, অর্থ পরিদণ্ডন / হিসাবরক্ষণ পরিদণ্ডন, বাপাউবো, ঢাকা।
- সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- নির্বাহী প্রকৌশলী/ সমমান কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)----- |
- সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, চৌফ মনিটারিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য।
- উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, আধিকারিক হিসাব কেন্দ্র (সকল), -----বাপাউবো----- |
- ব্যক্তিগত সহকারী অম্পা, প্রশাসন/অর্থ/ইস্টেণ্ট রিজিয়ন/ওয়েস্টেণ্ট রিজিয়ন/ পরিকল্পনা, নকশা ও গবেষণা বাপাউবো, ঢাকা।
- অফিস কপি/ মাস্টার কপি।